# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ১৪৭৭ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৪৬৯]

১৬/ (প্রার্থনামূলক) দো'আসমূহ (كتاب الدعوات)

পরিচ্ছেদঃ ২৫০: দো'আর গুরুত্ব ও মাহাত্ম্য এবং নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কতিপয় দো'আর নমুনা

(250) بَابُ فَضْلِ الدُّعَاءِ

---

আরবী

وَعَنْ طَارِقِ بنِ أَشْيَمَ رضي الله عنه قَالَ: كَانَ الرَّجُلُ إِذَا أَسْلَمَ عَلَّمَهُ النَّبِيُّ صلى الله عليه وسلم الصَّلَاةَ ثُمَّ أَمَرَهُ أَنْ يَدْعُوَ بِهَؤلاَءِ الكَلِمَاتِ: «اَللهم اغْفِرْ لِي، وَارْحَمْنِي، وَاهْدِنِي، وَعَافِنِي، وَارْزُقْنِي» . رواه مسلم
وفي روايةٍ له عن طارق: أنَّه سَمِعَ النَّبِيَّ صلى الله عليه وسلم، وَأَتَاهُ رَجُلٌ فَقَالَ: يَا رَسُولَ اللهِ صلى الله عليه وسلم، كَيْفَ أَقُولُ حِيْنَ أَسْأَلُ رَبِّي ؟ قَالَ: «قُلْ: اَللهم اغْفِرْ لِي، وَارْحَمْنِي، وَعَافِنِي، وارْزُقْنِي، فَإِنَّ هَؤُلاَءِ تَجْمَعُ لَكَ دُنْيَاكَ وَآخِرَتَكَ».

বাংলা

৫/১৪৭৭। ত্বারেক ইবনে আশ্য়াম রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, কেউ ইসলাম ধর্মে দীক্ষিত হলে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে নামায শিখাতেন। তারপর তাকে এই দো'আ পাঠ করতে আদেশ করতেন, 'আল্লা-হুম্মাগ্ফিরলী, অরহামনী, অহদিনী, অ আ-ফিনী, অরযুক্নী।'

অর্থাৎ হে আল্লাহ! আমাকে ক্ষমা কর, আমার প্রতি দয়া কর, আমাকে সঠিক পথ দেখাও, আমাকে নিরাপত্তা দান কর এবং আমাকে জীবিকা দাও। (মুসলিম) [1]

অন্য এক বর্ণনায় আছে, ত্বারেক নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে বলতে শুনেছেন, যখন তাঁর নিকটে একটি লোক এসে নিবেদন করল, 'হে আল্লাহর রাসূল! যখন আমি আমার প্রভুর কাছে প্রার্থনা করব, তখন কি বলব?' তখন তিনি বললেন, "বল, 'আল্লাহুম্মাগ ফিরলী---।' কারণ, এই শব্দগুলিতে তোমার ইহকাল-পরকাল উভয়ই শামিল রয়েছে।"

## English

(250) Chapter: Issues regarding Supplications, their Virtues and Supplications of the Prophet (pbuh)

Tariq bin Ashyam (May Allah be pleased with him) reported:
Whenever a man entered the fold of Islam, the Prophet (ﷺ) would show him how to perform Salat and then direct him to supplicate: "Allahumm-aghfir li, warhamni, wa-hdini, wa 'afini, warzuqni (O Allah! Forgive me, have mercy on me, guide me, guard me against harm and provide me with sustenance and salvation)."'

[Muslim].

In another narration Tariq said: A man came to the Prophet (ﷺ) and said to him: "O Messenger of Allah! What shall I say if I want to pray to my Rubb?" He (ﷺ) said, "Say: 'Allahumma-ghfir li, warhamni, wa 'afini, warzuqni (O Allah! Forgive me, have mercy on me, protect me and provide me with sustenance).' Surely, this supplication is better for you in this life and in the Hereafter."

## ফুটনোট

[1] মুসলিম ২৬৯৭, ইবনু মাজাহ ৩৮৪৫, আহমাদ ১৫৪৪৮, ২৫৬৭০

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ তারিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=27167

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন